গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, হবিগঞ্জ।

স্মারক নং- চীজুম্যাকা/হবি/২০২১-২৯৬

১৩ পৌষ ১৪২৮বঙ্গাব্দ।
২৮ ডিসেম্বর ২০২১খ্রি.।

হবিগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এর নিম্নবর্ণিত শূন্য পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও সার্কুলার অনুসরণপূর্বক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | লাইব্রেরী সহকারী (ক্যাটালগার) | ০১ | ১৩ | ১১,০০০-২৬,৫৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | স্টেনো টাইপিস্ট (সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) | ০৩ | ১৪ | ১০,২০০-২৪,৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার টাইপে গতি সর্বনিম্ন ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ । |
| ০৩ | বেঞ্চ সহকারী | ০২ | ১৬ | ৯,৩০০-২২,৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | ক্যাশিয়ার | ০১ | ১৬ | ৯,৩০০-২২,৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫ | অফিস সহায়ক (এম.এল.এস.এস.) | ০২ | ২০ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ০১ | ২০ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | মালী | ০১ | ২০ | ৮,২৫০-২০,০১০/- | অষ্টম শ্রেণী পাস। |

## শর্তাবলী

১। প্রার্থীকে আবেদন ফরম ও প্রবেশপত্র habiganj.judiciary.org.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে স্বহস্তে পূরণ পূর্বক আগামী ২৭/০১/২০২২খ্রি. তারিখ অফিস সময়ের মধ্যে চেয়ারম্যান, বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, হবিগঞ্জ বরাবর আবেদন করতে হবে। আবেদনের সাথে প্রবেশপত্র, চালানের মূল কপি ও সত্যায়িত ছবি ছাড়া অন্য কোন কাগজাদি সংযুক্ত করার প্রয়োজন নাই।

২। আবেদনপত্র আগামী ২৭/০১/২০২২খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ৫.০০ ঘটিকা) ডাকযোগে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, হবিগঞ্জ এর নেজারত বিভাগে (দ্বিতীয় তলা, কক্ষ নং-২০৯) পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহনযোগ্য নয়। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহন করা হবে না। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড **১-২১০৮-০০০০-২০৩১**-এ ক্রমিক নং ১-৪ পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং ক্রমিক নং- ৫-৭ পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার কোনভাবেই গ্রহণযোগ্য নয়। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১৫/- (পনেরো) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম (৯.৫×৪.৫ ইঞ্চি) দিতে হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার বিগত ১৯ আগস্ট,২০২১খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ২৫-০৩-২০২০খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৪। বিভাগীয় ও চাকরিরত প্রার্থীকে অনুমতিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৫। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেস্ট অনুষ্ঠিত হবে। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

৬। ক্রমিক ৫ হতে ৭ নং পদের জন্য ড্রাইভিং/ইলেকট্রিক্যাল কাজ এবং অন্য কোন বিশেষকাজে পারদর্শীতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৭। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় তথ্য যাছাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত প্রমাণকসহ সকল সনদপত্রের মূলকপি এবং ১ সেট ফটোকপি সাথে আনতে হবেঃ-

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র এবং অভিজ্ঞতার সনদ ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

খ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদপত্র।

গ. স্থানীয় ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ এর চেয়ারম্যান/ পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র /কমিশনার কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক নির্দেশিত গ্রহণযোগ্য সনদের সত্যায়িত অনুলিপি।

ঙ. শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় এর উপ-পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

চ. ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর ও এতিম প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

ছ. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

৮। সকল ছবি ও সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার পূর্বক সত্যায়ন করতে হবে।

৯। প্রার্থী কর্তৃক কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল প্রকার কোটা/সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা/বিধি-বিধান ও সার্কুলার অনুসরণ করা হবে।

১১। সকল খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট করে লিখতে হবে।

১২। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত তথ্যাবলী habiganj.judiciary.org.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৫। স্টেনো-টাইপিস্ট, বেঞ্চ সহকারী, অফিস সহায়ক (এম.এল.এস.এস.) ও নৈশ প্রহরী পদে বিগত ০৪/১২/২০১৯খ্রি. তারিখের ৩৭১ নং স্মারক মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পূণরায় আবেদন করার প্রয়োজন নাই।

১৬। প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন, বাতিল ও বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
চেয়ারম্যান
বাছাই কমিটি ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
হবিগঞ্জ।